মোঃ শাহাবউদ্দিন হাওলাদার
হিসাব রক্ষণ কর্মকর্তা (ভিডিও)
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

বাৎসরিক বাজেট
২০১৭-১৮

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

অর্থ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ বিভাগের ওয়েবসাইট: **www.mof.gov.bd**

বাৎসরিক বাজেট
২০১৭-১৮

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

অর্থ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ বিভাগের ওয়েবসাইট: www.mof.gov.bd

বাৎসরিক বাজেট
২০১৭-১৮
সূচিপত্র

			পৃষ্ঠা নং
ক.	মন্ত্রণালয়ের বাজেট কাঠামো (MBF)	:	১
খ.	সংযুক্ত তহবিল প্রাপ্তি (বিস্তারিত)	:	১৩
গ.	মঞ্জুরি ও বরাদ্দের দাবী (অনুন্নয়ন ও উন্নয়ন)	:	১৯
ঘ.	বিস্তারিত বরাদ্দ (অনুন্নয়ন)	:	২৫
ঙ.	মঞ্জুরি ও বরাদ্দের দাবী (উন্নয়ন)	:	৩৩

ক. মন্ত্রণালয়ের বাজেট কাঠামো (MBF)

মঞ্জুরি নং- ৪৯

৫৩ - বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট	প্রক্ষেপণ	
	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০
অনুন্নয়ন	৪৩,২৪,০০	৫৪,০০,০০	৬২,০০,০০
উন্নয়ন	৬৪৩,৬২,০০	৬৮৭,৮১,০০	৭৩৯,১৫,০০
মোট	**৬৮৬,৮৬,০০**	**৭৪১,৮১,০০**	**৮০১,১৫,০০**
রাজস্ব	৪৬,১৭,০০	৫৬,৮৮,৮২	৬৫,১৩,৫০
মূলধন	৬৪০,৬৯,০০	৬৮৪,৯২,১৮	৭৩৬,০১,৫০
মোট	**৬৮৬,৮৬,০০**	**৭৪১,৮১,০০**	**৮০১,১৫,০০**

১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

১.১ মিশন স্টেটমেন্ট

বিশ্বমানের বেসামরিক বিমান পরিবহন অবকাঠামো তৈরির মাধ্যমে নিরাপদ, দক্ষ ও নির্ভরযোগ্য যাত্রী ও পণ্য পরিবহন সুবিধাদি প্রবর্তন এবং দেশের পর্যটন আকর্ষণসমূহের বহুমাত্রিকীকরণ ও উন্নত সেবা প্রদানের মাধ্যমে দেশী-বিদেশী পর্যটক আকৃষ্ট করা ।

১.২ প্রধান কার্যাবলি

১.২.১. বেসামরিক বিমান চলাচল ও পর্যটন সংক্রান্ত আইন ও নীতিমালা প্রণয়ন, যুগোপযোগীকরণ এবং এর বাস্তবায়ন;

১.২.২. বিমান বন্দরসমূহের আধুনিকায়ন, বিমানপথ ও বিমান সার্ভিসসমূহের সমন্বয়সাধন;

১.২.৩. আকাশসীমা নিয়ন্ত্রণ, বিমান উড্ডয়নের নিরাপত্তা বিধান, এ্যারোনটিক্যাল পরিদর্শন এবং উড়োজাহাজ ও বৈমানিকের লাইসেন্স প্রদান;

১.২.৪. জাতীয় পতাকাবাহী বিমান বাংলাদেশ এয়ারলাইন্স-এর প্রতিযোগিতা সক্ষমতা ও সেবার মান বৃদ্ধি;

১.২.৫. বেসামরিক বিমান চলাচল ও পর্যটন সম্পর্কিত স্থানীয় ও আন্তর্জাতিক সংস্থাসমূহের সঙ্গে চুক্তি সম্পাদন এবং সমন্বয় সাধন;

১.২.৬. ট্রাভেল এজেন্সি ও হোটেল/রেস্টুরেন্টসমূহের রেজিস্ট্রেশন ও লাইসেন্স প্রদান, নবায়ন ও নিয়ন্ত্রণ;

১.২.৭. পর্যটন পণ্যের উন্নয়ন ও বিপণন এবং পর্যটন শিল্প বিকাশে গবেষণা, আধুনিক ব্যবস্থাপনা ও দক্ষ জনবল সৃষ্টি; এবং

১.২.৮. পর্যটন শিল্পের সার্বিক উন্নয়নে পর্যটন সংক্রান্ত সহযোগী প্রতিষ্ঠান স্থাপন, পরিচালনা ও নিয়ন্ত্রণ।

২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রমসমূহ	বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা
১	২	৩
১. নিরাপদ ও নির্বিঘ্ন বিমান চলাচল ব্যবস্থা প্রতিষ্ঠা	• বাংলাদেশের বিমানবন্দরসমূহের সেফটি এবং সিকিউরিটি ব্যবস্থার উন্নয়নে আন্তর্জাতিক পরামর্শ ও সেবা গ্রহণ এবং জরুরী সরঞ্জামাদি সরবরাহ ও সংস্থাপন • হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সম্প্রসারণ	• বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রমসমূহ	বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা
১	২	৩
	• সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে রানওয়ের সক্ষমতা বৃদ্ধি, নতুন টার্মিনাল ভবন নির্মাণ, কানেক্টিং টেক্সিওয়ে নির্মাণ এবং পার্কিং এরিয়া বৃদ্ধি • চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরের রানওয়ের সক্ষমতা বৃদ্ধি, রানওয়ে সম্প্রসারণ ও প্যারালাল টেক্সিওয়ে নির্মাণ • হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে মাল্টিমোড সার্ভেইলেন্স সিস্টেম স্থাপন • কক্সবাজার বিমানবন্দরে রানওয়ে সম্প্রসারণসহ এর সক্ষমতা বৃদ্ধি ও আন্তর্জাতিক মানের ইনটেরিম টার্মিনাল সুবিধা সৃষ্টি • বঙ্গবন্ধু শেখ মুজিব আন্তর্জাতিক বিমানবন্দর নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা এবং সৈয়দপুর ও বরিশাল বিমানবন্দর উন্নয়ন এবং খানজাহান আলী বিমানবন্দর নির্মাণের জন্য মাস্টার প্ল্যান প্রণয়ন ও সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদন • খানজাহান আলী বিমানবন্দর নির্মাণ	
২. দক্ষ ও মানসম্পন্ন কার্গো পরিবহন ব্যবস্থা প্রতিষ্ঠা	• শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে কার্গো বিমানের পার্কিং সুবিধা বৃদ্ধি • হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে কার্গো হ্যান্ডলিং ব্যবস্থার উন্নয়ন	
৩. পর্যটনের বিকাশ	• বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্যমন্ডিত সম্ভাবনাময় পর্যটন স্পটসমূহ চিহ্নিতকরণ ও সুবিধাদি সৃষ্টি • পর্যটন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান • বিদ্যমান পর্যটন স্পটসমূহের অবকাঠামো আধুনিকায়ন	• বাংলাদেশ পর্যটন কর্পোরেশন
	• দেশী বিদেশী পর্যটক আকর্ষণের জন্য প্রচারণামূলক কার্যক্রম • পর্যটন স্পটসমূহে বিভিন্ন সুবিধা সৃষ্টি	• বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

৩.১.১ নিরাপদ ও নির্বিঘ্ন বিমান চলাচল ব্যবস্থা প্রতিষ্ঠা

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: বিমানবন্দরসমূহের সক্ষমতা, নিরাপত্তা ব্যবস্থা ও সেবার মানবৃদ্ধি করে উন্নত যাত্রী সেবা ও পণ্য পরিবহন নিশ্চিতকরণপূর্বক অধিক সংখ্যক স্থানীয় ও আন্তর্জাতিক এয়ারলাইন্স পরিচালনার সুযোগ সৃষ্টির মাধ্যমে ফ্লাইট সংখ্যা বৃদ্ধির কার্যক্রম গ্রহণের মাধ্যমে বিমান পরিবহন ব্যবস্থাপনার উন্নয়ন হবে এবং আঞ্চলিক হাব হিসেবে স্বীকৃতি পায়। ফলে বৈদেশিক মুদ্রা আয়সহ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

নারী উন্নয়নের উপর প্রভাব: বিমানবন্দরের সংখ্যা বৃদ্ধি, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক রুটে বিমানের ফ্লাইট সংখ্যা বৃদ্ধি, অব্যবহৃত বিমানবন্দরগুলোকে চালুকরণ এবং আন্তর্জাতিক বিমান বন্দরগুলোকে আধুনিকীকরণসহ আরো আন্তর্জাতিক বিমানবন্দর তৈরি করার মাধ্যমে ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। সেখানে নারীদের কর্মসংস্থানেরও সুযোগ থাকবে।